

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৪.২০১৬-

তারিখ- ২৬.১১.১৭

আদেশ

যেহেতু, জনাব মোঃ সিরাজ(সাময়িক বরখাস্ত), অফিস সহায়ক, ঈশ্বরদী, পাবনা-এর বিরুদ্ধে গত ২৬-০৫-২০০৯ খ্রিঃ তারিখে রুজুকৃত বিভাগীয় মামলায় আরোপিত দণ্ডদেশ মওকুফ সংক্রান্ত ভূয়া আপিল আদেশ প্রস্তুতকরণ, উক্ত আদেশে সাবেক মহাপরিচালক, জনাব অসিত কুমার মুকুটমণি-এর নাম ব্যবহারপূর্বক তাঁর স্বাক্ষরে পৃষ্ঠাংকন, উক্ত ভূয়া আদেশের মাধ্যমে পূর্ববর্তী কর্মস্থল তারাগঞ্জ রংপুর হতে বকেয়া বেতনভাতা বাবদ ৬৩,৮৮৫/- (ষেষ্টি হাজার আটশত পঁচাশি) টাকা উত্তোলন, মাননীয় যুব ও ক্রীড়া মন্ত্রী এবং প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক(প্রশাসন)-এর পরিচয় দিয়ে বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীকে বদলীর কথা বলে অর্থ গ্রহণ এবং মন্ত্রণালয়ের যুগ্ম সচিবসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পরিচয় দিয়ে অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তা-কর্মচারীদের নিকট নানাবিধ তথ্য জানতে চাওয়া ও নানা ধরণের হুমকি প্রদান; সাংবাদিক পরিচয় দিয়ে উত্তরবঙ্গের ০৭টি জেলার প্রকল্প পরিচালক-এর নিকট অর্থ দাবী; প্রাথমিক তদন্ত কর্মকর্তার সাথে অসৌজন্যমূলক আচরণ; পরিচয় গোপন করে এক কলেজ ছাত্রীকে বিয়ে করতে গিয়ে সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়া ইত্যাদি অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমাতে অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ০৫-১০-২০১৬ খ্রিঃ তারিখের ২৮২ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল করেন এবং জবাবে ব্যক্তিগত শুনানী দিতে অগ্রহ প্রকাশ করায় গত ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অতঃপর বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত টীম গঠন করা হয়। সে মোতাবেক তদন্ত টীম প্রতিবেদন দাখিল করেন। বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে আনীত ১৪টি অভিযোগের মধ্যে ১১টি অভিযোগ প্রমানিত হওয়ায় অত্র দপ্তরের ২৩-০৮-২০১৭ খ্রিঃ তারিখের ১৪৬ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধিমাতে তাকে চাকুরী হতে বরখাস্তকরণ(Dismissal from Service) দণ্ডারোপের প্রস্তাবনাসহ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি যা বলেছেন তা প্রকারান্তরে তদন্ত টীমকে পাল্টা অভিযুক্ত করার মত। তিনি জবাবে সব অভিযোগ অস্বীকার করলেও তার বক্তব্য বিশ্বাস করার মত যুক্তিগ্রাহ্য কোন কারণ নেই। তার অপরাধের প্রকৃতি গুরুতর। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক এবং মন্ত্রণালয়ের কর্মকর্তার স্বাক্ষর জাল করে ভূয়া চিঠি তৈরী ও উক্ত চিঠির বলে সরকারী কোষাগার হতে টাকা উত্তোলন ও আত্মসাত, অধিদপ্তরের বিভিন্ন কর্মকর্তার এমনকি সাংবাদিকের নাম ব্যবহার করে চাঁদাবাজি ইত্যাদি অভিযোগ বিভাগীয় তদন্তে প্রমানিত হয়েছে। সর্বশেষ তিনি নীলফামারী জেলার ডিমলা উপজেলায় ভূয়া পরিচয় দিয়ে এক কলেজ ছাত্রীকে বিয়ে করতে গেলে সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তৃক গ্রেফতার হওয়ায় ০৪-০৯-২০১৬ তারিখে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। তার কার্যক্রমের কারণে তিনি সরকারী চাকরি করার যোগ্যতা হারিয়েছেন।

০৩। (ক) এফনে, সেহেতু বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন, নথি পর্যালোচনা ও সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ সিরাজ(সাময়িক বরখাস্ত), অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার ৪(৩)(সি) অনুসারে 'চাকরি হতে অপসারণ'(Removal from Service) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৯৩৮৯  
তারিখ- ২৬.১১.১৭

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৪.২০১৬-

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক----- (সংশ্লিষ্ট), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা/রংপুর।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো)।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা/তারাগঞ্জ, রংপুর।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাউনিয়া, রংপুর, পত্রটি বর্ণিত কর্মচারীর উপরোক্ত স্থায়ী ঠিকানায় বিলিপূর্বক সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ০৯। জনাব মোঃ সিরাজ, অফিস সহায়ক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঈশ্বরদী, পাবনা।
- ১০। জনাব মোঃ সিরাজ, পিতা-জনাব মোঃ আবু তাহের, গ্রাম-গয়েশ্বর মহেশা, ভাকঘর-মীরবাগ, উপজেলা-কাউনিয়া, জেলা-রংপুর।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১২। অফিস সংরক্ষণ কপি।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক (শৃঙ্খলা)  
ফোন : ৯৫৫১৮৫৯